

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০৩৯.২০১৯-১০৯

তারিখ: ২০ মাঘ ১৪২৮

০৩ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবস উদযাপন সংক্রান্ত।

সূত্র: (১) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর স্মারক নং-৩৫, তারিখ: ১৭/০১/২০২২।

(২) স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখার স্মারক নং-৯৩, তারিখ: ২৭/০১/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী ঐতিহাসিক ৭ মার্চ, ২০২২ জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে আগামী ৭ মার্চ, ২০২২, বিকাল ৩.০০ টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠিতব্য কেন্দ্রীয় অনুষ্ঠান (যা বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ড/বেসরকারি টিভি চ্যানেল এর মাধ্যমে সরাসরি সম্প্রচার করা হবে) ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে স্থানীয় জনপ্রতিনিধিগণ বীরমুক্তিযোদ্ধাসহ অন্যান্য সকল শ্রেণী-পেশার লোকজনের উপস্থিতিতে অনলাইনে যুক্ত হয়ে বড় পর্দায় উৎসবমুখর পরিবেশে উপভোগ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক সকলের উপস্থিত নিশ্চিত করা, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক এ কার্যক্রম তদারকি করা ও এ বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৩-২-২০২২

মোহাম্মদ আজিজুল ইসলাম

উপসচিব

ফোন: ০২২২৩৩৫৩৩৯৪

ইমেইল: lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০৩৯.২০১৯-১০৯/১(৭)


তারিখ: ২০ মাঘ ১৪২৮

০৩ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার (সকল), ----- বিভাগ।
- ২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।

- ৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ----- উপজেলা।
৫) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ।
৬) ব্যক্তিগত কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
৭) চেয়ারম্যান/প্রশাসক (সকল), ----- ইউনিয়ন।



৩-২-২০২২

মোহাম্মদ আজিজুল ইসলাম
উপসচিব